



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, ডাক : কদমতলী-৩১১১, উপজেলা : দক্ষিণ সুরমা, সিলেট।

web: www.sylhetboard.gov.bd

e-mail(exam section): sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/১৯২

তারিখ: ৩১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০১৯ খ্রি:

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাভুক্ত মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ২০২০ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ, নির্বাচনী পরীক্ষা গ্রহণ, পরীক্ষার ফি, জমা প্রদান ইত্যাদি সম্পর্কিত যাবতীয় তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নে প্রদত্ত হলে।

১. **Online** এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (**probable list**) ওয়েব সাইটে (<https://sylhetboard.gov.bd/>) ০৬/১১/২০১৯ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ০৭/১১/২০১৯ হতে ১৪/১১/২০১৯ তারিখের মধ্যে **Online** - এ ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। **Online** এ বিদ্যালয় কর্তৃক যথাযথভাবে ফরম পূরণ করে ক্রমিক ১০ এ বর্ণিত ছক মোতাবেক ফি জমাদান করে **Finalization** করার পর **Final Candidate List** প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ক্রমিক ১০) সোনালী ব্যাংকের যেকোন শাখায় **Software generated** সোনালী সেবার ফরমের মাধ্যমে টাকা জমা দিতে হবে। অন্যান্য বছরের ন্যায় চূড়ান্ত পরীক্ষার্থীর তালিকা ও হিসাব বিবরণী শিক্ষা বোর্ডে জমা দেয়ার প্রয়োজন নেই। পরীক্ষার্থীর স্বাক্ষরসহ **Final Candidate List** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, ২০২০ সালের এসএসসি পরীক্ষায় **eFF** এর মাধ্যমে ফরম পূরণের জন্য ২০১৯ সালের জেএস এস সি পরীক্ষার **eFF** এর মাধ্যমে ফরম পূরণের জন্য ব্যবহৃত **Password** টি ব্যবহার করতে হবে।

২. নিয়মিত পরীক্ষার্থী:

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত সকল ছাত্র/ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২০ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩. অনিয়মিত পরীক্ষার্থী:

(ক) সকল বিষয় :

২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ সালে নিবন্ধিত পরীক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে ২০২০ সালের এস এস সি, পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে -

(i) ২০১৮ ও ২০১৯ সালের এস এস সি পরীক্ষা বা এ দু'য়ের যে কোন একটিতে অংশগ্রহণ করে অকৃতকার্য;

(ii) যুক্তি সংগত কারণে উক্ত পরীক্ষাসমূহে অংশগ্রহণে ব্যর্থ;

(খ) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয় :

(i) ২০১৮ ও ২০১৯ সালে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে (৪র্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ০১ (এক) থেকে ০৪ (চার) অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে ২০২০ সালের এস এস সি, পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ইচ্ছে করলে সব বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে ২০১৮ ও ২০১৯ সালে নিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণকারী ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(ii) ২০১৫-২০১৬ সেশনের সর্বোচ্চ এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণ নির্দিষ্ট ফি জমাদান পূর্বক অত্র বোর্ডের বিদ্যালয় শাখা থেকে রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২০ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। নবায়ন সম্পর্কিত তথ্যাদি অত্র বোর্ডের বিদ্যালয় শাখা থেকে জানা যাবে।

(গ) শান্তি প্রাপ্ত পরীক্ষার্থী :

বহিষ্কৃত এবং শৃঙ্খলা কমিটি কর্তৃক শান্তি প্রাপ্ত পরীক্ষার্থীগণ তাদের শান্তির মেয়াদ শেষ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০২০ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪. জি পি এ উন্নয়ন পরীক্ষার্থী :

২০১৯ সালের এস এস সি, পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম অর্থাৎ জিপিএ ১.০০ থেকে ৪.৯৪ প্রাপ্ত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০২০ সালের এস এস সি, পরীক্ষায় জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। তবে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা জি.পি.এ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। জি পি এ উন্নয়নের জন্য আবেদনকারী পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র eFF প্রিন্ট আউটের সাথে আলাদা খামে বোর্ডের পরীক্ষা বিভাগের মাধ্যমিক শাখায় জমা দিতে হবে।

৫. **পরীক্ষার মাধ্যম:** বাংলা ও ইংরেজি ভাষার পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভাষার পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ০৫/১১/২০১৯ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভাষার পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৬. পাঠ্যসূচি :

(ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(খ) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের যথাক্রমে ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(গ) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি-র নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর অনলাইনে (বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে) বোর্ডে প্রেরণ করবে।

৭. নির্বাচনী পরীক্ষা :

জি.পি.এ উন্নয়ন এবং ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ের পরীক্ষার্থী ব্যতীত অন্যান্য সকল পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ অত্যাবশ্যকীয়।

বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রাপ্তির শর্ত মোতাবেক নবম শ্রেণীতে রেজিস্ট্রকৃত শিক্ষার্থীদের কমপক্ষে ৭৫% এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৮. পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ: শিক্ষার্থীর রেজি. কার্ডে উল্লিখিত বিষয়/বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজি. কার্ড বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহের জন্য ফলাফল প্রকাশে সৃষ্ট জটিলতার দায় বোর্ড নেবে না।

৯. নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশের শেষ তারিখ : ০৫/১১/২০১৯

১০. সকল ফি জমাদানের তারিখ ও Finalization এর তারিখ:

| ক্রমিক | কাজের বিবরণ | শেষ তারিখ |
|--------|---|------------|
| ১ | বিলম্ব ফি ছাড়া পরীক্ষার্থীদের বোর্ডের নির্ধারিত ব্যাংকে ফি জমা দেয়ার শেষ তারিখ: | ১৭/১১/২০১৯ |
| ২ | বিলম্ব ফি ছাড়া পরীক্ষার্থীদের Finalization এর তারিখ: | ১৮/১১/২০১৯ |
| ৩ | পরীক্ষার্থী প্রতি ২০০/= হারে বিলম্ব ফি সহ ফি জমাদানের শেষ তারিখঃ | ২৪/১১/২০১৯ |
| ৪ | বিলম্ব ফি সহ পরীক্ষার্থীদের Finalization এর তারিখ: | ২৫/১১/২০১৯ |

১১. বিলম্ব ফি সহ অনলাইনে ফরম পূরণ : ১৮/১১/২০১৯ থেকে ২১/১১/২০১৯ তারিখ পর্যন্ত।

১২. স্ট্রাইব নিয়োগ :

দৃষ্টি প্রতিবন্ধী/অন্য শারীরিক প্রতিবন্ধী (যারা নিজ হাত দিয়ে লিখতে অক্ষম) পরীক্ষার্থীদের লেখক (স্ট্রাইব) অষ্টম শ্রেণীর ছাত্র/ছাত্রীর মধ্য থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত ছাত্র/ছাত্রীর বিবরণ ও দুই কপি সত্যায়িত ফটো এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য আগামী ০১/০১/২০২০ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছাতে হবে। এছাড়া অন্যান্য প্রতিবন্ধী পরীক্ষার্থীদের আবেদনও একই নিয়মে করতে হবে।

১৩. অন্য বোর্ডে রেজিস্ট্রকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দিয়ে বিধি মোতাবেক অত্র বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

১৪. ২০২০ সালের এস এস সি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর বয়স ১লা জানুয়ারী, ২০২০ তারিখে অনূর্ধ্ব ২০ (বিশ) বছরের মধ্যে হতে হবে। এ নিয়ম ভঙ্গ করে ফরম পূরণ করানো হলে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৫. ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ছাড়পত্রের অনুমতির ফটোকপি ও রেজি. কার্ডের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) আগামী ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে পরীক্ষা শাখায় (মাধ্যমিক) জমা দিতে হবে।

১৬. ছাড়পত্র ও মান উন্নয়ন পরীক্ষার্থীদের তালিকা ওয়েব সাইটের TC/IMPROVEMENT কলামে পাওয়া যাবে।

১৭. পরীক্ষার ফি : (বোর্ডের প্রাপ্য)

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) * | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | বয় স্কাউট/ গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতি প্রতিষ্ঠান) | রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | বি.এন.সি.সি ফি (প্রতি পরীক্ষার্থী) | অন লাইন ফি (প্রতি পরীক্ষার্থী) | উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|--------------------------|--------------------------------------|--|-------------------------|---------------------------------|--|--|---|---|--------------------------------------|------------------------------------|--------------------------------|--------------------------------|
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | --- | --- | ১৫/= | ৫/= | ৩০০/= | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি) | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ১০০/= | --- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছেন) | ১০০/= | ৩০/= | ৪০/= | --- | ১০০/= | --- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| জি পি এ উন্নয়ন | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | --- | ১০০/= | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |

* উল্লেখ্য, প্রত্যেক পরীক্ষার্থী থেকে আদায়কৃত ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) ৩০/- (ত্রিশ টাকা) থেকে ২০/- (বিশ টাকা) বোর্ডে প্রদান করতে হবে এবং অবশিষ্ট ১০/- (দশ টাকা) কেন্দ্রে প্রেরণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষ্ঠানিক কর্ম সম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ [১০/- (দশ টাকা)] হতে অভ্যন্তরীণ

পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ টাকা) এবং বহি: পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, এ বিষয়ে শিক্ষা বোর্ড থেকে টিএ/ডিএ বা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করা হবে না।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, তবে এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫/- (পঁচিশ টাকা) হবে, যার মধ্যে থেকে ১৮/- (আঠারো টাকা) প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের মধ্যে বন্টন করতে হবে এবং অবশিষ্ট ৭/- (সাত টাকা) কেন্দ্রে প্রেরণ করতে হবে।

আরও উল্লেখ্য, নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের কোন প্রকার ফি বোর্ডে প্রেরণ করতে হবে না।

বিলম্ব ফি: প্রতি পরীক্ষার্থী ২০০ (দুইশত) টাকা।

১৮. কেন্দ্র ফি : (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের বরাবর জমা দিতে হবে)

* সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই : (জনপ্রতি) ৩৫০/= (তিনশত পঞ্চাশ) টাকা

* সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে : (জনপ্রতি) ৪০০/= (চারশত) টাকা

১৯. এসএসসি পরীক্ষার সম্ভাব্য তারিখ : ০১/০২/২০২০ খ্রি:

বিদ্র: বোর্ডের নির্ধারিত ফি ব্যতিত কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না এবং বোর্ডের নির্ধারিত ফি এর সাথে অন্য কোন ফি সংযুক্ত করে আদায় করা যাবে না। নির্ধারিত তারিখের পূর্বে অথবা পরে কোন কাগজপত্রাদি বোর্ডে বিতরণ/গ্রহণ করা হবে না এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২০ সনের এসএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মো: কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ফোন : ০৮২১- ৮৪০০৮৫ (অফিস)

Rejoice

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/১৯২

তারিখ: ৩১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০১৯ খ্রি:

সদয় জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ), শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
 - ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/যশোর/দিনাজপুর/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
 - ১। কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
 - ২। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
 - ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
 - ৪। সিস্টেম এনালিস্ট, সিলেট শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, সিলেট।
 - ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
 - ৬। সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষায় সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
 - ৭। সহকারি মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখা, সিলেট (সকল শাখাকে অবহিত করার জন্য)
 - ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
 - ৯। সেকশন অফিসার (ওয়ান স্টপ), অত্র শিক্ষা বোর্ড।
 - ১০। সেকশন অফিসার (স্টোর), অত্র শিক্ষা বোর্ড।
 - ১১। অফিস নথি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(শরীফ আহমেদ)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ফোন : ০৮২১- ৮৪০০৮৫ (অফিস)

Rejoice